


স্মারক নং- ৪৬. ৫৭. ০০০০. ০০০. ১৮. ০০০. ২১-৫৯/০৭

তারিখ : ০৫/০২/২০২৩

বিষয়ঃ খুলনা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন  
প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ  
কমিটি কর্তৃক ২য় ত্রৈমাসিক (অক্টোবর ২০২২-ডিসেম্বর ২০২২) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন  
সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
তারিখ: ০৫/০২/২৩  
(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)  
ব্যবস্থাপনা পরিচালক  
খুলনা ওয়াসা।

সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃআঃ উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।)

অনুলিপিঃ  
উপসচিব, পাস-৩ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)


**সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন।**

খুলনা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক এর আহ্বানে খুলনা ওয়াসার ৩০১ নং কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর - ডিসেম্বর ২০২২) এক সভা ০৬/১০/২০২২ অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী খুলনা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতি-তে উল্লেখিত সেবাসমূহ প্রদান সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নবর্ণিত ছক মোতাবেক উপস্থাপন করা হল:

সেবা প্রদান প্রতিশ্রুতি সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
জরুরী সেবা প্রদান লক্ষ্যে প্রাপ্ত অভিযোগ যথাসময়ে প্রতিকার নিশ্চিত করা	সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, পাম্প অপারেটর ও গ্রাহকবৃন্দের মাধ্যমে মহানগরীতে কেসিসি কর্তৃক ডেনেজ কাজ পরিচালনায় পানির সংযোগে ত্রুটির অভিযোগ, পানি না পাওয়া সংক্রান্ত অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২২ ২য় ত্রৈমাসিকে যথাক্রমে ৭০টি, ৬৫টি ও ৬২টি অর্থাৎ সর্বমোট ১৯৭টি অভিযোগ পাওয়া যায়। লিক মেরামত সংক্রান্ত ১ম ত্রৈমাসিকে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২২ যথাক্রমে ০৫টি, ১৬টি ও ৮টি অর্থাৎ সর্বমোট ২৯টি অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগ গুলি যথা সময়ের মধ্যে ৯৮% সমাধান করা হয়েছে।
সংযোগের মালিকানা পরিবর্তন	গ্রহকের পানির বিলের নাম পরিবর্তনের আবেদনের প্রেক্ষিতে ২য় ত্রৈমাসিকে জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ৩৪ টি নামজারি আবেদনের মধ্যে ৩৪ টি নামজারি সম্পন্ন করা হয়েছে।
বিল জারী ও রাজস্ব আদায় এবং মোবাইল ব্যাংকিং	একই সাথে রাজস্ব শাখায় মোবাইল ব্যাংকিং যথাঃ জি-পে, এক-পে, শিওর ক্যাশ, বিকাশ, রকেট-ডিবিসিএল, নগদ প্রভৃতি অনলাইন মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে পরিশোধিত বিলের তথ্য অক্টোবর, ২০২২ মাসে মোট ৮৫৮৫ টি, নভেম্বর, ২০২২ মাসে মোট ৯৭৪১ টি এবং ডিসেম্বর, ২০২২ মাসে মোট ৯৫৩৮ টি পানির বিল জমা গ্রহণ করা হয়েছে।
মিটার সংক্রান্ত সেবা প্রদান :	২য় ত্রৈমাসিকে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২২ এ মিটার ঘোলা ১২৬ টি ও চুরির মিটার প্রতিস্থাপন করা হয়েছে ১২টি।

৯/১১

সেবা প্রদান প্রতিশ্রুতি সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
পানির গাড়ীর মাধ্যমে জরুরী পানি সরবরাহ:	আঞ্চলিক কর্মকর্তা “ঘ” এর নির্বাহী প্রকৌশলী ওয়াটার বাউজার গাড়ীর (ট্যাংকী) মাধ্যমে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২২ পর্যন্ত নগদ মূল্যে ৯ গাড়ী পানি বিক্রয় করা হয় এবং সরকারী/বে-সরকারী বিভিন্ন প্রতিষ্ঠানের জাতীয় অনুষ্ঠানে অনুমোদন সাপেক্ষে বিনা মূল্যে ৩৫ গাড়ী পানি প্রদান করা হয়।

  
(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)  
ব্যবস্থাপনা পরিচালক  
খুলনা ওয়াসা।

অনুলিপি :

- ১। জেনারেল ম্যানেজার, খুলনা ওয়াসা, খুলনা।
- ২। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খুলনা ওয়াসা।
- ৩। সংশ্লিষ্ট নথি।